# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ১৫. ৫. কুমারী যুবতী ছাড়া সকল যুদ্ধবন্দিকে হত্যা

যুদ্ধের পর যারা যুদ্ধবন্দি হবে তাদেরকেও হত্যা করতে হবে। বিশেষত পুরুষ, বালক ও পুরুষের পরিচয় পাওয়া নারীদেরকে হত্যা করতেই হবে। শুধু কিশোরী কুমারী মেয়েদেরেকে নিজেদের ব্যবহারের জন্য জীবিত রাখা যাবে। “তোমরা এখন বালক-বালিকাদের মধ্যে সমস্ত বালককে বধ কর, এবং শয়নে পুরুষের পরিচয় প্রাপ্ত সমস্ত স্ত্রীলোককেও বধ কর; কিন্তু যে বালিকারা শয়নে পুরুষের পরিচয় পায় নাই, তাহাদিগকে আপনাদের জন্য জীবিত রাখ।” কিতাবুল মোকাদ্দস-২০০৬: “এখন তোমরা এই সব ছেলেদের এবং যারা অবিবাহিতা সতী মেয়ে নয় এমন সব স্ত্রীলোকদের হত্যা কর; কিন্তু যারা অবিবাহিতা সতী মেয়ে তাদের তোমরা নিজেদের জন্য বাঁচিয়ে রাখ।” (গণনাপুস্তক/ শুমারী ৩১/ ১৭-১৮)

এ হল যুদ্ধবন্দি বিষয়ে পবিত্র বাইবেলের চিরন্তন, অভ্রান্ত ও পবিত্র নির্দেশ। এ নির্দেশ বাস্তবায়নে বাইবেলীয় আদর্শ আমরা পরবর্তীতে দেখব।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14564

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন